স্বাধীনতার সুবর্ণজয়ন্তী : সংসদে রাষ্ট্রপতির স্মারক বক্তৃতা ২৪ নভেম্বর

চেম্বার ডেস্ক:: স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষে জাতীয় সংসদে আগামী ২৪ ও ২৫ নভেম্বর বিশেষ আলোচনা হবে। আলোচনার শুরুর দিন বেলা ৩টায় রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ সংসদে স্মারক বক্তৃতা দেবেন। পরে সাধারণ প্রস্তাব উত্থাপন ও দুইদিনের আলোচনা শেষে সেই প্রস্তাব গ্রহণ করা হবে। আজ বৃহস্পতিবার সংসদ অধিবেশনের বৈঠক শেষে স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী সংসদকে এ তথ্য জানিয়েছেন।

অধিবেশন মূলতবি করার আগে স্পিকার বলেন, আমি আনন্দের সঙ্গে জানাচ্ছি, আমাদের মহান স্বাধীনতার ৫০ বছর পূর্তি উপলক্ষে ২০২১ সাল আমরা স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন করছি। বর্ণাঢ্য ও যথাযথ মর্যাদায় সুবর্ণজয়ন্তী উদযাপনের জন্য জাতীয়ভাবে বিভিন্ন কর্মসূচি বছরব্যাপী অনুষ্ঠিত হচ্ছে। তারই ধারাবাহিকতায় আগামী ২৪ ও ২৫ নভেম্বর স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষে জাতীয় সংসদের বিশেষ আলোচনা অনুষ্ঠিত হবে।

উল্লেখ্য, স্বাধীনতার স্থপতি বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী সাড়ম্বরে উদযাপনে গত বছরকে ‘মুজিববর্ষ’ ঘোষণা করে নানা কর্মসূচি নিয়েছিল সরকার। তবে করোনা মহামারির জন্য কর্মসূচিগুলো যথাযথভাবে করতে না পারায় মুজিববর্ষের মেয়াদ ২০২১ সালের ১৬ ডিসেম্বর পর্যন্ত বাড়ানো হয়। এ বছরের ২৬ মার্চ বাংলাদেশ উদযাপন করেছে স্বাধীনতার সুবর্ণজয়ন্তী। ১৬ ডিসেম্বর বিজয়ের ৫০তম বার্ষিকী উদযাপন করা হবে। এ উপলক্ষে বছরব্যাপী কর্মসূচী পালিত হচ্ছে।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবর্ষ উপলক্ষে গত বছরের নভেম্বর মাসে ইতিহাসে প্রথমবারের মতো বিশেষ অধিবেশনে বসে জাতীয় সংসদ। ওই অধিবেশনে বঙ্গবন্ধুর জীবন ও কর্মের ওপর ভাষণ দেন রাষ্ট্রপতি আবদুল হামিদ। একইভাবে স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষে সংসদের বিশেষ অধিবেশনের পরিকল্পনা থাকলেও তা পরিবর্তন